যায়যায়দিন

তারিখ ... SEP 04 2006 ...
পৃষ্ঠা 2 কলাম 7

ভেটেরিনারি ডিপ্লোমা কোর্স বাতিলের দাবি

# য়মনসিংহ ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউটে কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের তাণ্ডব

য়মনসিংহ প্রতিনিধি

ভটেরিনারি ডিপ্লোমা কোর্স বাতিলের াবিতে ময়মনসিংহ শহরের ভেটেরিনারি ট্রনিং ইন্সটিটিউটে গতকাল ব্যাপক ভাংচুর ালিয়েছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা। বিক্ষুব্ধ াত্ররা ট্রেনিং ইন্সটিটিউটের ডিপ্লোমা কার্সের পরিচিতি অনুষ্ঠান পণ্ড করে দেয় এবং অধ্যক্ষকে লাঞ্ছিত করে। এ সময় উপ্লোমা কোর্সের শিক্ষার্থীরা পাল্টা ধাওয়া করলে পরিস্থিতি রণক্ষেত্রে পরিণত হয়।

াতকাল দুপুরে শহরের খাগডহরস্থ ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউটে কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে দুই বছর মেয়াদি উপ্লোমা কোর্সের পরিচিতি অনুষ্ঠান লছিল। এ সময় কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদের প্রায় ছয়শ শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের বাসে চড়ে সেখানে পৌঁছায় এবং ভাংচুর করে পরিচিতি অনুষ্ঠান পণ্ড করে দেয়। এ সময় তারা ট্রেনিং সেন্টারের অধ্যক্ষ হেদায়েতুল ইসলাম ও ঢাকা থেকে আসা পশুসম্পদ অধিদফতরের উচ্চ পর্যায়ের

কক্ষে গিয়ে চেয়ার-টেবিল ভাংচু অফিসের মালামাল তছনছ করে। এ ডিপ্লোমা কোর্সের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ধাওয়া ক পরিস্থিতি রণক্ষেত্রে পরিণত হয়।

এরপর কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছা তাদের ক্যাম্পাসে ফিরে গিয়ে মিছিল সমাবেশ করে। কৃষি বিশ্ববিদ্যাল ভেটেরিনারি অনুষদের শেষ বর্ষের আশিকুর রহমান ইমন বলেন, আমরা বছরের কোর্স করেও চাকরি পাই না। ভেটেরিনারি ট্রেনিং সেন্টার থেকে বছরের কোর্স করে সেখানকার শিক্ষা আমাদের সঙ্গে চাকরি বা প্রতিযোগিতায় নামবে। তাই আমরা প্রতিবাদ করেছি।

ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউটের অ কৃষিবিদ হেদায়েতুল ইসলাম ব সরকারের অনুমতি নিয়েই আমরা কর্মীদের প্রশিক্ষণ দিচ্ছিলাম। অথচ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কলেজে তাণ্ডব চালিয়ে গেল। তিনি জানান, এ ঘ একটি মামলা দায়ের করা হয়েছে।